# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতীদের আমল বা কর্ম

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাতীদের আমল বা কর্ম

জান্নাত আমলের জায়গা নয়, জান্নাত হল আমলের বিনিময় পাওয়ার জায়গা। তাই সেখানে কোন কর্মব্যস্ততা কিংবা কোন পালনীয় ইবাদতবন্দেগী থাকবে না। শ্বাসক্রিয়ার ন্যায় সদা তাসবীহ (সুবহানাল্লাহ) ও তাহমীদ (আলহামদুলিল্লাহ) তাদের মুখ থেকে স্বতঃস্ফূর্ত হবে। এতে তাদের কোন অসুবিধা হবে না। (বুখারী)।

জান্নাতীদের একটি ব্যস্ততার কথা মহান আল্লাহ বলেছেন,

إِنَّ أَصْحَابَ الْجَنَّةِ الْيَوْمَ فِي شُغُلٍ فَاكِهُونَ

অর্থাৎ, এ দিন বেহেশতিগণ আনন্দে মগ্ন থাকবে। (ইয়াসীনঃ ৫৫)

সুতরাং সে মত্ততা, ব্যস্ততা ও মগ্নতা হল স্ত্রী নিয়ে আনন্দ করাতে।

শতরূপা চিরকুমারী স্ত্রীদের সাথে মিলনের আনন্দে মগ্ন থাকবে চিরকাল। এটাকে যদি কর্ম’ বলা যায়, তাহলে বেহেশতে সেটাই তাদের কর্ম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12206

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন